# যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৩৪৩

১/ বিবিধ

আরবী

ما مات رسول الله صلى الله عليه وسلم حتى قرأ وكتب

موضوع

رواه أبو العباس الأصم في " حديثه " (ج 3 رقم 153 من نسختي) والطبراني من طريق أبي عقيل الثقفي عن مجاهد، حدثني عون بن عبد الله بن عتبة عن أبيه قال: فذكره، قال الطبراني: هذا حديث منكر، وأبو عقيل ضعيف الحديث، وهذا معارض لكتاب الله عز وجل، نقله السيوطي في " ذيل الموضوعات " (ص 5) .
وأما ما جاء في " صحيح البخاري " (7 / 403 - 409) من حديث البراء رضي الله عنه في قصة صلح الحديبية: فلما كتب الكتاب، كتبوا: " هذا ما قاضى عليه محمد رسول الله "، قالوا: لا نقر لك بهذا، لونعلم أنك رسول الله ما منعناك شيئا ولكن أنت محمد بن عبد الله، فقال: " أنا رسول الله، وأنا محمد بن عبد الله "، ثم قال لعلي: " امح رسول الله "، قال علي: والله لا أمحوك أبدا فأخذ رسول الله صلى الله عليه وسلم الكتاب وليس يحسن يكتب، فكتب: هذا ما قاضى محمد بن عبد الله.. فليس على ظاهره بل هو من باب بنى الأمير المدينة، أي
أمر
والدليل على هذا رواية البخاري أيضا (9 / 351 - 381) في هذه القصة من حديث المسور بن مخرمة بلفظ: " والله إني لرسول الله وإن كذبتموني، اكتب: محمد بن عبد الله "، ومثله في " صحيح مسلم " (5 / 175) من حديث أنس، ولهذا قال السهيلي:

والحق أن معنى: قوله " فكتب " أي: أمر عليا أن يكتب، نقله الحافظ في " الفتح " (7 / 406) وأقره وذكر أنه مذهب الجمهور من العلماء، وأن النكتة في قوله: فأخذ الكتاب ... ، لبيان أن قوله: " أرني إياها " أنه ما احتاج إلى أن يريه موضع الكلمة التي امتنع علي من محوها إلا لكونه لا يحسن الكتابة

বাংলা

৩৪৩। রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম পড়া ও লিখার পূর্বে মৃত্যুবরণ করেননি।

হাদীসটি জাল।

এটি আবুল আব্বাস আল-আসাম তার “হাদীস” গ্রন্থে (৩/নং ১৫৩) এবং তাবারানী আবূ আকীল আস-সাকাফী সূত্রে মুজাহিদ হতে ... বর্ণনা করেছেন।
তাবারানী বলেনঃ এ হাদীসটি মুনকার, আবু আকীল হাদীসের ক্ষেত্রে দুর্বল এবং এ কথাটি কিতাবুল্লাহ বিরোধী।

সুয়ূতী হাদিসটি "যায়লুল আহাদীসিল মাও’যূয়াহ" গ্রন্থে (পৃঃ ৫) উল্লেখ করেছেন।

বুখারীতে সুলহে হুদাইবিয়ার ঘটনায় তার নিজে লিখার সম্পর্কে যে কথা বলা হয়েছে, সেটি এরূপ যে, “আমীর শহরটি তৈরি করেছেন” (কর্মচারীরা তৈরি করা সত্ত্বেও)। কারণ বুখারীর অন্য বর্ণনায় এবং মুসলিমের বর্ণনায় এসেছে তিনি আলী (রাঃ)-কে লিখার নির্দেশ দেন। এ জন্যই সুহাইলী বলেছেনঃ হক হচ্ছে এটিই যে, “فكتب” অর্থাৎ তিনি আলীকে লিখার নির্দেশ দেন।’ হাফিয ইবনু হাজার “ফাতহুল বারী” গ্রন্থে (৪/৪০৬) এ ব্যাখ্যাকে সমর্থন করে বলেছেনঃ এটিই জামহুরে ওলামার মত।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=5602

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন